ইত্তেফাক

তারিখ 19/1/80
পৃষ্ঠা 3 ... 3

074

# ধর্মঘটের দুই মাস অতিবাহিত

(ইত্তেফাক রিপোর্ট)

বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক সমিতি আহূত ধর্মঘটের দুই মাস পূর্ণ হয় গত বৃহস্পতিবার। গত বুধবার বদরুন্নেসা সরকারী মহিলা কলেজে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি কলেজ শিক্ষক সমিতি, মাধ্যমিক শিক্ষক সমিতি, সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতি ও অন্যান্য শিক্ষক সংগঠনের যৌথ নেতৃসভা অনুষ্ঠিত হয়। সভায় গৃহীত সর্বসম্মত সিদ্ধান্তে কালক্ষেপণ না করিয়া সরকারী কলেজ শিক্ষকদের ন্যায়সঙ্গত দাবী পূরণের জোর দাবী জানাইয়া বলা হয়, শিক্ষাঙ্গনে বর্তমান অচলাবস্থা অব্যাহত থাকিলে দেশ ও জাতি অপূরণীয় ক্ষতির সম্মুখীন হইবে।